MAR. 30 2002

# ৩ এপ্রিল ছাত্রলীগের ২৭তম কাউন্সিল

## ❑ নেতৃত্ব নির্বাচন সরাসরি ভোটে ❑ গঠনতন্ত্রে নির্ধারিত সংখ্যার চেয়ে বড় কমিটি করার চিন্তাভাবনা

**বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ** কাউন্সিলরদের সরাসরি ভোটে কমিটি গঠন করার চিন্তাভাবনা করা হলেও গঠনতন্ত্র উপেক্ষা করে নেতা-কর্মীদের খুশি করার জন্য ছাত্রলীগের নতুন কমিটি বড় আকারে গঠন করা হচ্ছে বলে সংগঠনের একটি সূত্র থেকে জানা গেছে। ১০১ সদস্যের স্থলে এবারের কমিটি ২০১ সদস্যের করা হচ্ছে। আগামী ৩রা এপ্রিল ছাত্রলীগের ২৭তম সম্মেলনে কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হবে।

গঠনতন্ত্র অনুযায়ী ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি প্রতি এক বছরের জন্য এবং ১০১ সদস্যবিশিষ্ট হওয়ার কথা। খোঁজ নিয়ে জানা গেছে, বিরোধীদলে থাকা আওয়ামী লীগ সরকারবিরোধী আন্দোলনকে চাঙ্গা করার জন্য এবারে ছাত্রলীগের কমিটি বড় আকারে গঠন করার সিদ্ধান্ত নিয়েছে। বৃহস্পতিবার রাতে ধানমন্ডির ১২ নম্বরে ছাত্রলীগের সাবেক ও বর্তমান নেতা-কর্মীদের সঙ্গে আলোচনাকালে ছাত্রলীগের ওকে কমিশনের চেয়ারম্যান ও আওয়ামী লীগের যুব বিষয়ক সম্পাদক ওবায়দুল কাদের এই সিদ্ধান্তের কথা জানান। এ ব্যাপারে তিনি সংবাদকে জানান, 'আপা'র (শেখ হাসিনা) চিন্তা অনুযায়ী আমরা এ ব্যাপারে চিন্তাভাবনা করছি।

সূত্রমতে প্রস্তাবিত ছাত্রলীগের ২০১ সদস্য কমিটির মধ্যে সম্পাদকীয় পরিষদ হবে ৭৫ সদস্যবিশিষ্ট এবং সদস্য থাকবে ১২৬ জন। এর মধ্যে সহ-সভাপতি ২১ জন (৬ জন বিভাগীয়) সহ-সাধারণ সম্পাদক ৬ জন, সাংগঠনিক সম্পাদক ৬ জন এবং অতিরিক্ত ১০ জন সহ-সম্পাদক। অথচ গঠনতন্ত্র মোতাবেক ছাত্রলীগের সহ-সভাপতি থাকার কথা ১১ জন, সাংগঠনিক সম্পাদক ১ জন এবং যুগ্ম সম্পাদক ২ জন। অর্থাৎ প্রতিটি দপ্তরে একজন করে সহ-সম্পাদকসহ ৫৬ সদস্যবিশিষ্ট সম্পাদকীয় পরিষদের পরিবর্তে এবারে ৭৫ সদস্যবিশিষ্ট করা হচ্ছে এবং ৪৫ জন সদস্যের পরিবর্তে এবার ১২৬ জন সদস্য করা হচ্ছে।

এদিকে আগামী ৩রা এপ্রিল অনুষ্ঠেয় ছাত্রলীগের ২৭তম সম্মেলনের প্রস্তুতিও চূড়ান্ত করা হয়েছে। সম্মেলন উদ্বোধনী অনুষ্ঠান পল্টন ময়দানে অনুষ্ঠিত হবে এবং কাউন্সিল অধিবেশন মহানগর নাট্যমঞ্চে অনুষ্ঠিত হবে। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। কাউন্সিলে ছাত্রলীগের ৮১টি সাংগঠনিক জেলা থেকে ২৫ জন, জাতীয় কার্যকরী সংসদের সকল সদস্য এবং জাতীয় পরিষদের সকল সদস্যসহ মোট ২ হাজার ৫শ' কাউন্সিলর ভোটদান করবেন। ইতোমধ্যেই ৪৬টি জেলার কাউন্সিলরদের তালিকা কেন্দ্রীয় অফিসে পৌঁছেছে। নির্বাচন পরিচালনার জন্য সংগঠনের সহ-সভাপতি সুজিত রায় নন্দীকে চেয়ারম্যান এবং মাসুদ চৌধুরী ও বদিউল আলম বদিকে সদস্য করে তিন সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।